SENIOR SCHOOL CERTIFICATE EXAMINATION ..... 2019

# SAMPLE PAPER OF CLASS - XII

# SUBJECT - BENGALI (বাংলা)

# SUBJECT CODE : 105

- Please check that this question paper contains 8 printed pages.
- Please check that this question paper contains 16 questions.
- 15 minutes time has been allotted to read this question paper will be distributed at 10.15 a.m. From 10.15 a.m. the students will read the question paper only and will not write any answer on the answer script during this period.

The Question Paper is divided into four Sections

SECTION - A : Reading (Comprehension)

SECTION - B : Grammar

SECTION - C : Composition & Writing

SECTION - D : Literature

# Class - XII (2018 - 19)
# Subject - Bengali

সময় - ৩ ঘন্টা　　　　　　　　　　　　　　　　　　　　　সর্বমোট অঙ্ক - ৮৫

***Time : 3 Hrs.***　　　　　　　　　　　　　　　　　***Maximum Marks - 85***

1. নীচের অনুচ্ছেদটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দাও ঃ　　　　　　　1+1+1+1+1 = 5

১৮৬৪ খ্রিস্টাব্দের ১২ অক্টোবর বাখরগঞ্জ জেলার বাসণ্ডা গ্রামে কামিনী সেনের জন্ম । পিতা সুবিখ্যাত চণ্ডীচরণ সেন (‘টমকাকার কুটির’ - খ্যাত)। পিতার প্রথম সন্তান। পিতামহ নিমচাঁদের আদরের পাত্রী । চার বছর বয়সে কামিনীর পড়াশোনার শুরু। মায়ের কাছে বিদ্যাশিক্ষায় হাতে-খড়ির পর বর্ণপরিচয় প্রথমভাগ ও শিশুশিক্ষার দ্বিতীয়ভাগের পাঠ সমাপ্তি । বাবার কাছে অঙ্ক শিখে পারদর্শিতা অর্জন, বিদ্যালয়ের শিক্ষক শ্যামাচরণবাবু তাই ডাকতেন ‘লীলাবতী’ নামে সস্নেহে। প্রথম বিভাগে মাইনর পরীক্ষায় পাশ মাত্র চৌদ্দ বছর বয়সে। পরীক্ষার পর বাবার লাইব্রেরির বইপত্র পাঠ গ্রন্থকীট কামিনীর । ১৮৮০ সালে প্রবেশিকা পরীক্ষা, ১৮৮৩ সালে এফ. এ. পরীক্ষা এবং ১৮৮৬ সালে সংস্কৃতে অনার্সসহ, বি.এ. পাশ। যোগেন্দ্রনাথ গুপ্ত তাঁর ‘বঙ্গের মহিলা কবি’ গ্রন্থে জানিয়েছেন যে, কামিনী এফ. এ. পরীক্ষায় সংস্কৃতে দ্বিতীয় স্থান অধিকার করেছিলেন। কিন্তু ডঃ ঊষা চক্রবর্তী তাঁর 'Condition of Bengali Women around the 2nd half of the 19th Century' বইতে জানিয়েছেন তিনি প্রথম স্থান অধিকার করেন এবং in the B.A. examination she got a 2nd class honours in Sanskrit.' পাশ করার প্রায় সঙ্গে সঙ্গেই বেথুন স্কুল থেকে ডাক এল শিক্ষকতা করার জন্যে। বাবার ইচ্ছে ছিল না। কিন্তু তিনি নিজে চাকরি ছেড়েছিলেন, সংসারের প্রয়োজনে তাঁকে বললেন ‘কাজেই আর তোমার চাকরি করা সম্বন্ধে আপত্তি করিতে পারিতেছি না। তুমি নিজের আয়ে অন্ততঃ নিজের অভাব সকল দূর করিতে পারিবে।’

প্রশ ঃ

a) কামিনী সেনের পিতামহের নাম কি ছিল ?
b) শিক্ষক শ্যামাচরণ বাবু তাঁকে ‘লীলাবতী’ নামে কেন ডাকতেন ?
c) কত বছর বয়সে, কোন্ বিভাগে কামিনী সেন মাইনর পরীক্ষায় পাশ করেন ?
d) শিক্ষকতার জন্য প্রথম কোথা থেকে তিনি ডাক পান ?
e) সমাস নির্ণয় কর ঃ শিশুশিক্ষা

2. নীচের অনুচ্ছেদটি পড়ে প্রদত্ত প্রশগুলির উত্তর দাও ঃ 1+1+1+1+1 = 5

এদেশে পাশ্চাত্য শিক্ষা ও সংস্কৃতিকে অভ্যর্থনা জানিয়েছিলেন রামমোহন রায়। হিন্দু কলেজ হচ্ছে এদেশে পাশ্চাত্য শিক্ষার প্রথম প্রতিষ্ঠান । ডিরোজিও এদেশীয় ছাত্রদের মধ্যে পাশ্চাত্য শিক্ষা সঞ্চারিত করার ব্যাপারে সর্বাঙ্গ সফল শিক্ষক । সেক্ষেত্রে হিন্দু কলেজেই তাদের দেখা সাক্ষাৎ ঘটার সবচেয়ে উপযুক্ত জায়গা ছিল । কিন্তু তা হয়নি। তার কারণ সূচনা পর্বেই হিন্দু কলেজের রক্ষণশীল প্রতিষ্ঠাতৃবর্গ আধুনিকতার দুর্গ দখলের লড়াইতে রামমোহনকে ঠেকিয়ে দিয়েছিলেন। হিন্দুত্বের জিগির তুলে তারা তাঁকে ঘেঁষতেই দেন নি। আত্মমর্যাদাসম্পন্ন উচ্চমনা ব্যক্তি হিসাবে তিনিও নিজেকে হিন্দু কলেজ থেকে নিরাপদ দূরত্বে সরিয়ে রেখেছিলেন। যদিও রামমোহনের প্রেরিত পত্র ও মতামতের সৌজন্যেই সরকারী অর্থে নির্মিত একই বিল্ডিং-এর ছাতায় সংস্কৃত কলেজের সঙ্গে হিন্দু কলেজও স্থান পায়। ভাড়াটে বাড়ির পর্ব শেষ করে হিন্দু কলেজ নতুন ভবনে প্রবেশ করার পরই ডিরোজিও নিয়োগপত্র পান এবং তিনি হিন্দু কলেজের শিক্ষক হন। কিন্তু ঘটনাবৈগুণ্যে রামমোহন থেকে যান হিন্দু কলেজ থেকে জল-অচল দূরত্বে। প্রতিবছর লাটভবনে বা টাউন হলে কলেজের বাৎসরিক পারিতোষিক বিতরণ উৎসবে গণ্যমান্য বিশিষ্ট ব্যক্তিরা আসতেন।

প্রঃ

a) ভারতবর্ষের প্রথম পাশ্চাত্য শিক্ষা প্রতিষ্ঠান কোন্‌টি ?

b) কারা রামমোহনকে হিন্দু কলেজ থেকে দূরে সরিয়ে রেখেছিলেন ?

c) রামমোহনের প্রেরিতপত্র ও মতামতের ফলে কি ঘটেছিল ?

d) টাউন হলে গণ্যমান্য ব্যক্তিরা কেন আসতেন ?

e) সন্ধি বিচ্ছেদ কর ঃ সংস্কৃত

**Section - B (Grammar)**

3. ধবনি-পরিবর্তনের যে কোনো একটি রীতির সংক্ষিপ্ত পরিচয় দাও এবং সেই রীতির দু’টি উদাহরণ উল্লেখ করো। 3+2 = 5

a) অপিনিহিতি b) স্বরসংগতি c) স্বরভক্তি

4. নিমলিখিত যে কোনো একটি অলঙ্কারের উদাহরণ সহ সংজ্ঞা লেখো । 2+3 = 5

a) উপমা b) শ্লেষ c) যমক

**অথবা**

অলংকার নির্দেশ করো এবং ওই অলঙ্কার হওয়ার কারণ বুঝিয়ে দাও। (যে কোনো একটি)

a) অর্থ চাই রাজকোষে আছে ভূরি ভূরি,
   রাজস্বপে অর্থ নাই যত মাথা খুঁড়ি।

b) কেতকী কত কি কথা কামিনীরে কয় কানে কানে।

c) মাথার উপরে জ্বলিছেন রবি, রয়েছে সোনার শত ছেলে।

d) হরিণের ভীরু চোখের মতন স্নিগ্ধ সকাল।

e) যাইতে মানস ঘরে কারো না মানস সরে।

5. অর্থ উল্লেখ সহ বাগ্ ধারা / প্রবাদগুলি প্রয়োগ করে বাক্যরচনা করো। (যে কোনো চারটি।) $2\times4 = 8$

রথ দেখা কলা বেচা, চোখে চোখে রাখা, তিলকে তাল করা, পান থেকে চুন খসা, আক্কেল সেলামি, এক হাত নেওয়া, চক্ষুশূল, তাসের ঘর

## Section - C
## (Composition and Writing)

6. নীচের সংবাদ প্রতিবেদনটি পড়ে প্রদত্ত প্রশগুলির উত্তর দাও ঃ $2\times3 = 6$

রিও ডি জেনেইরো, ৩ সেপ্টেম্বরঃ বিধবংসী আগুনে রবিবার ভস্মীভূত হয়ে গেল ব্রাজিলের জাতীয় সংগ্রহশালা।

রবিবার সন্ধে ৭টা নাগাদ আগুন লাগে দেশের অন্যতম প্রাচীন এই জাদুঘরে। আকাশছোঁয়া ধোঁয়ায় ঢেকে গিয়েছিল চারপাশ। খবর পেয়েই ছুটে আসে দমকলের ২০টি ইঞ্জিন।

তাদের তৎপরতায় পাঁচ ঘন্টার চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আসে। তবু আগুন সম্পূর্ণ ভাবে নেভাতে আরও অনেকটাই সময় লেগে গিয়েছিল। আর তার আগেই ভয়াবহ ক্ষয়ক্ষতি হয়ে যায় বলে স্থানীয় প্রশাসন তরফে জানা গিয়েছে। প্রেসিডেন্ট মিশেল টেমের এ দিন বলেন, ‘‘দেশের জ্ঞান এবং ঐতিহ্যের ভয়াবহ ক্ষতি হয়ে গেল।’’

স্থানীয় সূত্রের খবর, রবিবার সে সময়ে মারাকানা স্টেডিয়ামের কাছের ওই জাদুঘরটি বন্ধ ছিল। আগুন লাগার কারণ এখনও পর্যন্ত জানা যায়নি। তবে কোনও দাহ্য বস্তু যে সেখানে মজ্ত ছিল, সে বিষয়ে নিশ্চিত বলেই জানিয়েছেন দমকল কর্তৃপক্ষ। আর সে সব থেকেই এ দিন দ্রুত আগুন ছড়িয়ে পড়েছিল বলেও দাবি তাঁদের।

১৮১৮ সালে রাজা ষষ্ঠ জোয়াও প্রতিষ্ঠিত জাদুঘরটি নিজেই ইতিহাসের স্মারক । এক সময়ে পর্তুগিজ রাজপ্রাসাদ ছিল সেটি। গোটা পৃথিবীর অন্তত ২ কোটি মূল্যবান সংগ্রহ রয়েছে এখানে।

প্রশ্ন ঃ

a) প্রতিবেদনটির একটি উপযুক্ত শিরোনাম দাও।

b) কত সালে, কার দ্বারা জাদুঘরটি প্রতিষ্ঠিত হয় ?

c) জাদুঘরের অগ্নিকাণ্ড সম্বন্ধে দুই / তিন লাইনের মধ্যে জানাও।

7. ইন্টারনেট-বিহীন একটি দিন - তোমার অভিজ্ঞতা জানিয়ে বন্ধুকে একটি চিঠি লেখ।3+3 = 6

**অথবা**

পথশিশুদের সঙ্গে কাটানো একটি দিনের অভিজ্ঞতা জানিয়ে তোমার ভাইকে একটি চিঠি লেখ।

## Section - D (Literature)

8. 'সে শূন্যদৃষ্টিতে দেয়ালের দিকে তাকিয়ে রইল' - 1+1+3 = 5

a) উক্তিটি কার লেখা, কোন্ গল্পের অন্তর্গত ?

b) 'সে' বলতে কাকে বোঝানো হয়েছে ?

c) সে কেন শূন্যদৃষ্টিতে দেয়ালের দিকে তাকিয়ে রইল ?

**অথবা**

'তার চোখ এখন বাদার কামটের মতো হিংস্র' -

a) কার লেখা, কোন রচনার অন্তর্গত উক্তি ?

b) কার চোখের কথা বলা হয়েছে ?

c) তার এই হিংস্র দৃষ্টির কারণ কি ?

9. ঠিক উত্তরটি বেছে লেখো ঃ (MCQ) । (যে কোন পাঁচটি) 1×5 = 5

a) মুখবন্ধ কৌটোর মধ্যে উচ্ছবের রাখা ছিল -

i) জমির দলিল

ii) জমি চাওয়া দরখাস্তের নকল

iii) উপার্জিত সমস্ত টাকা

b) কারো মুখে নালিশ নেই ;..... প্রতিবাদ নেই - কাদের সম্পর্কে একথা বলা হয়েছে ?

i) নিখিলের পরিবার সম্পর্কে

ii) মৃত্যুঞ্জয়ের পরিবার সম্পর্কে

iii) লঙ্গরখানার অন্নপ্রার্থীদের সম্পর্কে

c) ‘‘ডাক পুরুষের পুরানো বচন অনুসারে পউষে বাদলা বুধবার শুরু হলে, তা কতদিন স্থায়ী হয়?

i) তিনদিন

ii) চারদিন

iii) পাঁচদিন

d) ‘আদর্শবাদের কল্পনা-তাপস’ কথাটি কোন গল্পে পেয়েছো ?

i) ভাত

ii) ভারতবর্ষ

iii) কে বাঁচায়, কে বাঁচে

e) ‘তান্ত্রিকের নতুন বিধেন হল’ - নতুন বিধানটি কি ?

i) হোমের সময় কেউ পিছন ফিরে তাকাতে পারবে না।

ii) হোমের আগে সবকিছু রান্না করতে হবে, হোম শেষে তবে খাওয়া যাবে।

iii) হোমের সময় সবাই চোখ বন্ধ করে থাকবে ।

f) ‘‘আমি ঠিক তাগেবাগে দে ঝাব।’ - ‘তাগেবাগে’র অর্থ হল

i) সুযোগবুঝে

ii) শেষবেলায়

iii) ভোরবেলায়

g) লোকের মেজাজ বিগড়ে যাওয়ার কারণ -

i) বৃষ্টির সঙ্গে জোর বাতাস বইছে বলে

ii) পৌষ মাসে বৃষ্টি হচ্ছে বলে

iii) অকাল দুর্যোগে ধানের প্রচণ্ড ক্ষতি হবে বলে

h) ‘কিছুই কি করা যায় না?’ প্রশ্নটি করেছিল

i) টুনুর মা মৃত্যুঞ্জয়কে

ii) টুনুর মা নিখিলকে

iii) মৃত্যুঞ্জয় টুনুর মাকে

10. সূত্র ও প্রসঙ্গ উল্লেখ করে ব্যাখ্যা লেখো। 5

‘‘আমার বিবেক, আমার বারুদ
বিস্ফোরণের আগে।’’

**অথবা**

‘‘আরোগ্যের জন্য ঐ সবুজের ভীষণ দরকার।’’

11. ‘‘মৃত্যুতে সকল দেনা শোধ করে দিতে।’’

a) কবি কে ?

b) মূলকাব্য গ্রন্থের নাম লেখ।

c) অংশটির তাৎপর্য বিশ্লেষণ কর। 1+1+3 = 5

**অথবা**

‘‘নিহত ভাইয়ের শবদেহ দেখে
না-ই যদি হয় ক্রোধ’’ -

a) উদ্ধৃত পংক্তিটি কোন্ কবিতার অংশ ?

b) এখানে কবি ‘ভাই’ বলতে কাদের বুঝিয়েছেন ?

c) কবির এরূপ মন্তব্যের কারণ কি ?

12. ‘‘সেই রাত্রেই জীবনে প্রথম মোক্ষম বুঝলুম...। ’’

a) কার লেখা, কোন্ নাটকের সংলাপ ?

b) কার কখন এরূপ অনুভূতি হয়েছিল ? 2+3 = 5

**অথবা**

‘‘আমার প্রতিভা এখনও মরেনি, - শরীরে যদি রক্ত থাকে, তাহলে সে রক্তে মিশে আছে প্রতিভা।’’

a) বক্তা কে ? কার প্রতি এই উক্তি করেছেন ?

b) বক্তার এরূপ উপলব্ধির কারণ কি ?

13. সঠিক উত্তরটি বেছে লেখো ঃ (MCQ) । (যে কোন পাঁচটি) 1×5 = 5

a) ‘শাহাজাদি ! সম্রাট নন্দিনী ! মৃত্যুভয় দেখাও কাহারে ?’ এখানে শাহাজাদি হলেন -

i) জাহানারা

ii) রিজিয়া

iii) পিয়ারাবানু

b) সাজাহান নাটকে ঔরঙ্গজেব তাঁর পুত্র মহম্মদকে সাহায্য করার জন্য কাকে নিযুক্ত করেছিলেন?

i) মিরজুমলা

ii) যশোবন্ত

iii) সুজা

c) যার মুণ্ড ঔরঙ্গজেবের দিকে তাকিয়ে আছে - তা হল -

i) মোরাদের

ii) সুজার

iii) দারার

d) রজনীবাবুকে ট্যাক্সি ডেকে দিয়েছিল -

i) ড্রাইভার

ii) রামব্রীজ

iii) কালীনাথ

e) রজনীবাবু চাকরিতে ঢুকেছিলেন -

i) নৌ-বাহিনীতে

ii) সেনাবাহিনীতে

iii) পুলিশে

f) রজনীকান্ত কত বছর থিয়েটারে কাজ করছেন ?

i) ৩৫ বছর

ii) ৪৫ বছর

iii) ৪০ বছর

g) ‘সব ভুতুড়ে বাড়ির মত খাঁ খাঁ করছে’ - ভুতুরে বাড়ি কোনটি ?

i) জনশূন্য বাড়ি

ii) জনশূন্য প্রেক্ষাগৃহ

iii) জনশূন্য প্রাসাদ

h) অভিনেতার কদর কতক্ষণ ?

i) যতক্ষণ স্টেজে দাঁড়িয়ে থাকে

ii) স্টেজের বাইরে

iii) গ্রিনরুমে

14. ''জয়তোরণে ঠাসা মহনীয় রোম।
বানাল কে ? কাদের জয় করল সিজার ?''

a) কার লেখা কোন্ কবিতার অংশ ?

b) কবি এই মন্তব্যের মধ্যে দিয়ে কোন্ সত্যকে প্রতিষ্ঠা করতে চেয়েছেন তা আলোচনা কর।

2+3 = 5

**অথবা**

''পাতায় পাতায় জয়
জয়োৎসবের ভোজ বানাত কারা ?''

a) মূল কবিতাটি কার লেখা ? অনুবাদক কে ?

b) অংশটির মাধ্যমে কবির মানসিকতা বিশ্লেষণ কর ।

15. ''এদিকে আর এক রকমের প্রথা আছে - নানকার প্রথা।''

a) ''আমার বাংলা'' গ্রন্থের কোন্ রচনার অন্তর্গত পংক্তি ?

b) 'নানকার-প্রথা' সম্বন্ধে যা জান লেখ। 1+4 = 5

**অথবা**

''সে গল্পও বলেছিল মোনা ঠাকুর।''

a) 'সে গল্প' বলতে কোন্ গল্পের কথা বলা হয়েছে ?

b) কি কারণে মোনা ঠাকুরকে কলকাতা থেকে ফিরে যেতে হয়েছিল ?

16. ঠিক উত্তরটি বেছে লেখো ঃ (MCQ)। (যে কোন পাঁচটি।) 1×5 = 5

a) নিবেদন সরকারের কত বিঘা জমি মহাজন দেনার দায়ে কেড়ে নিয়েছিল ?

i) ষাট বিঘা

ii) পঁয়ষট্টি বিঘা

iii) ছেষট্টি বিঘা

b) ভগৎ সিং, বটুকেশ্বর দত্ত ও যতীন দাসের ছবি কোথায় বিক্রি হয় ?

i) ফিরিঙ্গি পাড়ায়

ii) ফুটপাথে

iii) দোকানে

c) বছরে তিনমাস সাজা মাপ করার নিয়মকে কি বলে ?

i) মার্কা

ii) ডিগ্রি

iii) খাতা

d) জমিদারকে টঙ্ক দিতে গিয়ে চাষির কি অবস্থা হয় ?

i) আসামী

ii) ফকির

iii) ধনী

e) বাইরের ঘরে লেখকের বাবার কাছে সরকারি উকিল কোন গল্প করেন ?

i) চট্টগ্রাম অস্ত্রাগার লুণ্ঠনের মামলার গল্প

ii) চট্টগ্রাম অস্ত্রাগারে ইনফর্মারের হানা দেওয়ার গল্প

iii) চট্টগ্রাম অস্ত্রাগারে দর্শকদের ভিড়ের গল্প

f) লেপচারা রংতু বলে কোন্ নদীকে ?

i) তিস্তাকে

ii) তোর্সাকে

iii) ব্রহ্মপুত্রকে

g) 'হাঁটুর মধ্যে মুখ গুঁজে বসে আছে প্রকাণ্ড এক দৈত্য' দৈত্য বলতে কাকে বোঝান হয়েছে ?

i) বনভূমি

ii) বঙ্গোপসাগর

iii) হিমালয়পর্বত

h) হাজং ডালুরা কোন্ ভাষায় কথা বলে ?

i) বাংলা

ii) হিন্দী

iii) ওড়িয়া